36847 - মাথা মুণ্ডন করা বা চুল ছোট করার ক্ষত্রে যে ভুলগুলো হয়ে থাকে

প্রশ্ন

মাথা মুণ্ডন করা কিংবা চুল ছোট করার সময় কিছু কিছু লোক যে ভুলগুলো করে থাকেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

মাথা মুণ্ডন করা কিংবা চুল ছোট করার ক্ষত্রে যেসব ভুল সংঘটিত হয়ে থাকে সেগুলো নিম্নরূপ:

এক:

কিছু কিছু লোক মাথার কিয়দাংশ খুর দিয়ে ভালভাবে মুণ্ডন করে; বাকীটুকু রেখে দেয়। আমি নিজে চোখে এটি দেখেছি। আমি এক লোককে সাফা-মারওয়ার মাঝে সায়ী করতে দেখেছি; সে তার মাথার অর্ধকে মুণ্ডন করেছে; বাকী অর্ধকেরে চুল রেখে দিয়েছে। আমি তাকে ধরে বললাম: কেন আপনি এভাবে করেছেন? তিনি বললেন: আমি এভাবে করেছি যেহেতু আমি দুইটি উমরা করতে চাই। তাই প্রথম উমরার জন্য অর্ধকে মুণ্ডন করেছি। আর দ্বিতীয় উমরার জন্য বাকী অর্ধকে রেখে দিয়েছি। এটি অজ্ঞতা ও গোমরাহি; কোন আলেম এমন কোন মত ব্যক্ত করেননি।

দুই:

কিছু কিছু লোক উমরা থেকে হালাল হওয়ার জন্য মাথার এক পাশের গুটি কয়েকটি চুল ছোট করেন। এটি আয়াতে কারীমার বাহ্যিক অর্থের বিপরীত। আল্লাহ তাআলা বলেন: “তোমাদের মাথা মুণ্ডন করে এবং চুল ছঁটে”।[সূরা আল-ফাত্হ, আয়াত: ২৭] অতএব, চুল ছোট করার প্রভাবটা মাথার উপর স্পষ্টভাবে দেখা যেতে হবে। সবাই জানে যে, এক, দুই বা তিনটি চুল কাটলে সেটা কোন প্রভাব ফেলে না এবং উমরাকারীর মাথায় ফুটে উঠে না যে, সে চুল ছোট করেছে। তাই এটি আয়াতে কারীমার বাহ্যিক বিধানের সাথে সাংঘর্ষিক।

এ দুইটি ভুলের প্রতিকার হচ্ছে- যদি মুণ্ডন করতে চায় তাহলে গোটা মাথার চুল মুণ্ডন করবে। আর যদি চুল ছোট করতে চায় তাহলে সম্পূর্ণ মাথার চুল ছোট করবে; এক, দুইটি চুল ছোট করবে না।

তিন:

কছিু কছিু লোক আছে তারা সায়ী শষে করার পর মাথা মুণ্ডন করা কংিবা চুল ছাটে করার জন্য কাউকে না পয়েে নজি গৃহে চলে যায়। সে হালাল হয়ে গছেে মনে করে স্বাভাবকি পোশাক পরধিান কর।ে পরবর্তীতে মাথা মুণ্ডন করে কংিবা চুল ছাটে কর।ে এটি মহা ভুল। কারণ কোন ব্যক্তি মাথা মুণ্ডন করা কংিবা চুল ছাটে করা ছাড়া উমরা থকেে হালাল হবে না। দললি হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণী; বদিায় হজ্জকালে তনিি তাঁর সাহাবীদরে মধ্যে যারা সাথে করে হাদরি পশু আননেি তাদরেকে নর্দিশে দনে হজ্জরে ইহরামকে উমরাতে পরবির্তন করার, তখন তনিি তাদরেকে লক্ষ্য করে বলছেলিনে: “এরপর মাথার চুল ছাটে করবে অতঃপর হালাল হব”ে।[সহহি বুখারী (১৬৯১) ও সহহি মুসলমি (১২২৯)] এ হাদসিটি প্রমাণ করে য,ে চুল ছাটে করা ছাড়া হালাল হওয়া যাবে না।

অতএব, কউে যদি সায়ী করার পর মাথা মুণ্ডন করার জন্য কংিবা চুল ছাটে করার জন্য কাউকে না পায় তাহলে সে ব্যক্তি ইহরামরে উপর থাকব;ে যতক্ষণ না সে মাথা মুণ্ডন করে কংিবা চুল ছাটে করতে পার।ে এর আগে হালাল হওয়া জায়যে নইে। যদি ধরে নয়ো হয় য,ে কোন এক ব্যক্তি অজ্ঞতাবশতঃ মাথা মুণ্ডন করা কংিবা চুল ছাটে করার আগে এই মনে করে হালাল হয়ে গছেে য,ে এটি জায়যে তাহলে তার অজ্ঞতার কারণে কোন অসুবধিা হবে না। কন্তিু, জানার সাথে সাথে তাকে স্বাভাবকি কাপড়-চোপড় খুলে ইহরামরে কাপড় পরতে হব।ে কনেনা, সে হালাল হয়নি এ কথা জানার পর আর গড়মিসি করা জায়যে হবে না। অতঃপর সে মাথা মুণ্ডন করা কংিবা চুল ছাটে করার পর হালাল হব।ে